# প্রাত্যহিক জীবনে সেট

**১। তালিকা পদ্ধতিতে প্রকাশ করো :**

**ক) $A = \{x \in N : -3 < x \leq 5\}$**

**সমাধানঃ** ক) $A = \{x \in N : -3 < x \leq 5\}$

এখানে, $N = \{1, 2, 3, 4... \}$

-3 থেকে বড় সংখ্যাগুলো হলোঃ -2,-1,0,1,2,3,4,5,6,...

5 এর সমান ও ছোট সংখ্যাগুলো হলোঃ

5,4,3,2,1,0,-1,-2,-3, ...

অর্থাৎ,$-3 < x \leq 5$ শর্ত পূরণ করা সংখ্যাগুলো হলোঃ

-2,-1,0,1,2,3,4,5

তাহলে, A={1,2,3,4,5} [Ans.]

**খ) $B = \{x \in Z : x$ মৌলিক সংখ্যা এবং $x^2 \leq 50\}$**

**সমাধানঃ** এখানে,

Z = পূর্ণ সংখ্যার সেট = { ... , -3,-2,-1,0,1,2,3,4,5... }

মৌলিক সংখ্যাগুলো হলোঃ 2,3,5,7,11,13 ...

এখন,

$2^2 = 4 \leq 50$

$3^2 = 9 \leq 50$

$5^2 = 25 \leq 50$

$7^2 = 49 \leq 50$

$11^2 = 121 > 50$

অতএব, B = {2,3,5,7} [Ans.]

**গ) $C = \{x \in Z : x^4 < 264\}$**

**সমাধানঃ** এখানে,

Z = পূর্ণ সংখ্যার সেট = {....-3,-2,-1,0,1,2,3,4,5 ...}

এখন,

$0^4 = 0 < 264$

$1^4 = 1 < 264$ $(-1)^4 = 1 < 264$

$2^4 = 16 < 264$ $(-2)^4 = 16 < 264$

$3^4 = 81 < 264$ $(-3)^4 = 81 < 264$

$4^4 = 256 < 264$ $(-4)^4 = 256 < 264$

$5^4 = 625 > 264$ $(-5)^4 = 625 > 264$

অতএব, C = {-4,-3,-2,-1,0,1,2,3,4} [Ans.]

**২। সেট গঠন পদ্ধতিতে প্রকাশ করো :**

**ক) A = {1, 3, 5,...,101}**

**সমাধানঃ** এখানে, A = {1, 3, 5,...,101}

অর্থাৎ, x এর মান সর্বনিম্ন 1 এবং সর্বোচ্চ 101 এবং এখানে সকল সংখ্যা স্বাভাবিক বিজোড় সংখ্যা।

∴ A={x∈N:x,স্বাভাবিক বিজোড় সংখ্যা যেখানে, $1 \leq x \leq 101$}[Ans.]

**খ) B = {4, 9, 16, 25, 36, 49, 64, 81, 100}**

**সমাধানঃ** এখানে,

B = {4, 9, 16, 25, 36, 49, 64, 81, 100}

$= \{2^2, 3^2, 4^2, 5^2, 6^2, 7^2, 8^2, 9^2, 10^2\}$

তাহলে, x এর মানগুলো স্বাভাবিক সংখ্যার বর্গ এবং এই সকল স্বাভাবিক সংখ্যার সর্বনিম্ন মান 2 এবং সর্বোচ্চ মান 10.

∴ A={x ∈ N: x, স্বাভাবিক সংখ্যার বর্গ যেখানে, $2 \leq N \leq 10$} [Ans.]

**৩। যদি A = {1, 2, 3, 4, 5}, B = {0, 1, 3, 5, 6} এবং C = {1, 5, 6} হয়, তবে নিচের সেটগুলো নির্ণয় করো।**

**ক) A ∪ B**

**সমাধানঃ** দেওয়া আছে,

A = {1, 2, 3, 4, 5}, B = {0, 1, 3, 5, 6}

∴ A ∪ B = {1,2,3,4,5} ∪ {0,1,3,5,6}

= {0,1,2,3,4,5,6} [Ans.]

**খ) A∩ C**

**সমাধানঃ** দেওয়া আছে,

A = {1, 2, 3, 4, 5}, C = {1, 5, 6}

∴ A ∩ C = {1,2,3,4,5} ∩ {1, 5, 6}

= {1,5} [Ans.]

**গ) B\C**

**সমাধানঃ** দেওয়া আছে,

B = {0, 1, 3, 5, 6}, C = {1, 5, 6}

∴ B\C = {0, 1, 3, 5, 6} \ {1, 5, 6}

= {0,3,} [Ans.]

**ঘ) A ∪ (B ∩ C)**

**সমাধানঃ** দেওয়া আছে,

$A = \{1, 2, 3, 4, 5\}$, $B = \{0, 1, 3, 5, 6\}$ এবং

$C = \{1, 5, 6\}$

$\therefore B \cap C$

$= \{0, 1, 3, 5, 6\} \cap \{1, 5, 6\}$

$= \{1,5,6\}$

$\therefore A \cup (B \cap C)$

$= \{1, 2, 3, 4, 5\} \cup \{1,5,6\}$

$= \{1,2,3,4,5,6\}$ [Ans.]

**ঙ) $A \cap (B \cup C)$**

**সমাধানঃ** দেওয়া আছে,

$A = \{1, 2, 3, 4, 5\}$, $B = \{0, 1, 3, 5, 6\}$ এবং

$C = \{1, 5, 6\}$

$\therefore B \cup C$

$= \{0, 1, 3, 5, 6\} \cup \{1, 5, 6\}$

$= \{0,1,3,5,6\}$

$\therefore A \cap (B \cup C)$

$= \{1, 2, 3, 4, 5\} \cup \{0,1,3,5,6\}$

$= \{1,3,5\}$ [Ans.]

**৪। যদি $U = \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\}$, $A = \{1, 3, 5, 7\}$, $B = \{0, 2, 4, 6\}$ এবং $C = \{3, 4, 5, 6, 7\}$ হয়, তবে নিম্নলিখিত ক্ষেত্রে সত্যতা যাচাই করো :**

**ক) $(A \cup B)^c = A^c \cap B^c$**

**সমাধানঃ** দেওয়া আছে,

$U = \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\}$, $A = \{1,3,5, 7\}$, $B = \{0, 2, 4, 6\}$ এবং $C = \{3, 4, 5, 6, 7\}$

এখন,

বামপক্ষ

$= (A \cup B)^c$

$= U - (A \cup B)$

$= U - (\{1, 3, 5, 7\} \cup \{0, 2, 4, 6\})$

$= U - \{0,1,2,3,4,5,6,7\}$

$= \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\} - \{0,1,2,3,4,5,6,7\}$

$= \{8,9\}$

ডানপক্ষ

$= A^c \cap B^c$

$= (U - A) \cap (U-B)$

$= [\{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\}] - \{1, 3, 5, 7\} \cap [\{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\} - \{0, 2, 4, 6\}]$

$= \{0,2,4,6,8,9\} \cap \{1,3,5,7,8,9\} = \{8,9\}$

$\therefore$ বামপক্ষ = ডানপক্ষ [সত্যতা যাচাই করা হলো]

**খ) $(B \cap C)^c = B^c \cup C^c$**

**সমাধানঃ** দেওয়া আছে,

$U = \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\}$,

$A = \{1, 3, 5, 7\}$,

$B = \{0, 2, 4, 6\}$ এবং

$C = \{3, 4, 5, 6, 7\}$

বামপক্ষ

$= (B \cap C)^c$

$= U - (B \cap C)$

$= U - [\{0, 2, 4, 6\} \cap \{3, 4, 5, 6, 7\}]$

$= U - \{4,6\}$

$= \{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\} - \{4,6\}$

$= \{0,1,2,3,5,7,8,9\}$

ডানপক্ষ

$= B^c \cup C^c$

$= (U-B) \cup (U-C)$

$= [\{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\} - \{0, 2, 4, 6\}] \cup [\{0, 1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9\} - \{3, 4, 5, 6, 7\}]$

$= \{1,3,5,7,8,9\} \cup \{0,1,2,8,9\}$

$= \{0,1,2,3,5,7,8,9\}$

$\therefore$ বামপক্ষ = ডানপক্ষ [সত্যতা যাচাই করা হলো]

**গ) $(A \cup B) \cap C = (A \cap C) \cup (B \cap C)$**

**সমাধানঃ** দেওয়া আছে,

$A = \{1, 3, 5, 7\}$, $B = \{0, 2, 4, 6\}$ এবং

$C = \{3, 4, 5, 6, 7\}$

বামপক্ষ

$= (A \cup B) \cap C$

$= (\{1, 3, 5, 7\} \cup \{0, 2, 4, 6\}) \cap \{3, 4, 5, 6, 7\}$

$= \{0,1,2,3,4,5,6,7\} \cap \{3, 4, 5, 6, 7\}$

$= \{3,4,5,6,7\}$

ডানপক্ষ

$= (A \cap C) \cup (B \cap C)$

$= [\{1, 3, 5, 7\} \cap \{3, 4, 5, 6,7\}]\cup[\{0, 2, 4, 6\} \cap \{3, 4, 5, 6, 7\}]$

$= \{3,5,7\} \cup \{4,6\}$

$= \{3,4,5,6,7\}$

∴ বামপক্ষ = ডানপক্ষ [সত্যতা যাচাই করা হলো]

**ঘ) $(A \cap B) \cup C = (A \cup C) \cap (B \cup C)$**

**সমাধানঃ** দেওয়া আছে,

$A = \{1, 3, 5, 7\}$, $B = \{0, 2, 4, 6\}$ এবং

$C = \{3, 4, 5, 6, 7\}$

বামপক্ষ

$= (A \cap B) \cup C$

$= (\{1, 3, 5, 7\} \cap \{0, 2, 4, 6\}) \cup \{3, 4, 5, 6, 7\}$

$= \emptyset \cup \{3, 4, 5, 6, 7\}$

$= \{3,4,5,6,7\}$

ডানপক্ষ

$= (A \cup C) \cap (B \cup C)$

$= [\{1, 3, 5, 7\} \cup \{3, 4, 5, 6, 7\}]\cap[\{0, 2,4, 6\} \cup \{3, 4, 5, 6, 7\}]$

$= \{1,3,4,5,6,7\} \cap \{0,2,3,4,5,6,7\}$

$= \{3,4,5,6,7\}$

∴ বামপক্ষ = ডানপক্ষ [সত্যতা যাচাই করা হলো]

**৫। মান নির্ণয় করো:**

**ক) $N \cap 2N$, খ) $N \cap A$, গ) $2N \cap P$**

**যেখানে, N সকল স্বাভাবিক সংখ্যার সেট, 2N সকল ধনাত্মক জোড় সংখ্যার সেট, A সকল বিজোড় সংখ্যার সেট, P সকল মৌলিক সংখ্যার সেট।**

**সমাধানঃ** প্রশ্নমতে,

$N = \{1,2,3,4,5,6, ...\}$

$2N =\{2,4,6,8,10 ... \}$

$A = \{...-7,-5,-3,-1,1,3,5,7, ... \}$

$P = \{ ...-3,-2,-1,0,1,2,3, ...\}$

তাহলে,

**ক) $N \cap 2N$**

$= \{1,2,3,4,5,6, ...\}\cap \{2,4,6,8,10, ...\}$

$= \{2,4,6,8,10, ...\}$ [Ans.]

**খ) $N \cap A$**

$= \{1,2,3,4,5,6...\} \cap \{...-7,-5,-3,-1,1,3,5,7...\}$

$= \{1,3,5,7,... \}$ [Ans.]

**গ) $2N \cap P$**

$= \{2,4,6,8,10...\} \cap \{... -3,-2,-1,0,1,2,3......\}$

$= \{2,4,6,8,10...\}$ [Ans.]

**৬। ধরি U সকল ত্রিভুজের সেট হয় এবং A সকল সমকোণী ত্রিভুজের সেট। তাহলে সেট $A^c$ বর্ণনা করো।**

**সমাধানঃ** প্রশ্নমতে,

U = সকল ত্রিভুজের সেট

A = সকল সমকোণী ত্রিভুজের সেট

=সেইসকল ত্রিভুজের সেট যেসকল ত্রিভুজের একটি কোণ সমকোণ

∴ $A^c$ = সেইসকল ত্রিভুজের সেট যেসকল ত্রিভুজের একটি


কোণ সমকোণ নয়

= সকল সূক্ষ্মকোণী ও স্থূলকোণী ত্রিভুজের সেট।

**৭। ভেন চিত্রের মাধ্যমে দেখাও যে, যে কোনো সেট A, B, C এর জন্য**

**ক) $(A \cup B)^c = A^c \cap B^c$**


**সমাধানঃ** যে কোনো সেট A, B এর জন্য $(A \cup B)^c$ ও $A^c \cap B^c$ এর ভেন চিত্র নিচে দেওয়া হলোঃ




অর্থাৎ, ভেনচিত্র হতে পাই, $(A \cup B)^c = A^c \cap B^c$

**খ) $(B \cap C)^c = B^c \cup C^c$**


**সমাধানঃ** যে কোনো সেট B, C এর জন্য $(B \cap C)^c$ ও $B^c \cup C^c$ এর ভেন চিত্র নিচে দেওয়া হলোঃ




অর্থাৎ, ভেনচিত্র হতে পাই, $(B \cap C)^c = B^c \cup C^c$

**গ) $(A \cup B) \cap C = (A \cap C) \cup (B \cap C)$**


**সমাধানঃ** যে কোনো সেট A, B, C এর জন্য $(A \cup B) \cap C$ ও $(A\cap C) \cup (B \cap C)$ এর ভেন চিত্র নিচে দেওয়া হলোঃ




অর্থাৎ, ভেনচিত্র হতে পাই, $(A\cup B)\cap C = (A\cap C)\cup(B\cap C)$

**ঘ) $(A \cap B) \cup C = (A \cup C) \cap (B \cup C)$**


**সমাধানঃ** যে কোনো সেট A, B, C এর জন্য $(A\cap B) \cup C$ ও $(A \cup C) \cap (B \cup C)$ এর ভেন চিত্র নিচে দেওয়া হলোঃ




অর্থাৎ, ভেনচিত্র হতে পাই, $(A\cap B)\cup C$ ও $(A\cup C)\cap(B\cup C)$

**৮। কোনো শ্রেণির 40 জন শিক্ষার্থীর মধ্যে 25 জন পাখি পছন্দ করে এবং 15 জন বিড়াল পছন্দ করে। পাখি ও বিড়াল দুটি প্রাণীই পছন্দ করে এরূপ শিক্ষার্থীর সংখ্যা 10 জন। কতজন শিক্ষার্থী পাখি ও বিড়াল কোনোটিই পছন্দ করে না তা ভেন চিত্রের সাহায্যে নির্ণয় করো।**

**সমাধানঃ**




ভেন চিত্রে,

40 জন শিক্ষার্থীর সেট U আয়তক্ষেত্র দ্বারা নির্দেশ করি।

25 জন শিক্ষার্থী যারা পাখি পছন্দ করে তাদের সেট B বৃত্তক্ষেত্র দ্বারা নির্দেশ করি।

15 জন শিক্ষার্থী যারা বিড়াল পছন্দ করে তাদের সেট C বৃত্তক্ষেত্র দ্বারা নির্দেশ করি।

চিত্র অনুসারে,পাখি ও বিড়াল দুইটিই পছন্দ করে এমন শিক্ষার্থীর সংখ্যা $p2 = 10$ জন।

শুধু পাখি পছন্দ করে এমন শিক্ষার্থীর সংখ্যা $p1 = B - p2 = 25 - 10 = 15$ জন।

শুধু বিড়াল পছন্দ করে এমন শিক্ষার্থীর সংখ্যা p3 = C − p2 = 15 − 10 = 5 জন।

∴ শুধু পাখি+উভয়+শুধু বিড়াল পছন্দ করে p1+p2+p3 = 15+10+5 = 30 জন।

তাহলে,

পাখি বা বিড়াল এর কোনটিই পছন্দ করে না এমন শিক্ষার্থীর সংখ্যা = U− (p1+p2+p3)= 40− 30 = 10 জন।

∴ নির্ণেয় উত্তরঃ 10 জন।

**প্রাত্যহিক জীবনে সেট এর অনুশীলনীর সমাধান অর্থাৎ ৯ম শ্রেণির নতুন কারিকুলামের ১ম অধ্যায়ের অনুশীলনীর সকল প্রশ্নের পূর্ণাঙ্গ সমাধান প্রদান করা হয়েছে এখানে, সাথে চলার জন্য ধন্যবাদ। ১০০% সঠিক সমাধানে সচেষ্ট আমরা সর্বদা, চল এগিয়ে যাই।**

**৯। যদি P = {a, b}, Q = {0, 1, 2} এবং R = {0, 1, a} হয়, তবে নিচের রাশিগুলোর মান নির্ণয় করো।**

**ক) P × Q, P × P, Q × Q, Q × P এবং P × ∅**

**সমাধানঃ** P × Q

= {a,b}×{0,1,2}

={(a,0),(a,1),(a,2),(b,0),(b,1),(b,2)}

P × P

={a,b}×{a,b}

={(a,a),(a,b),(b,a),(b,b)}

Q × Q

={0,1,2}×{0,1,2}

={(0,0),(0,1),(0,2),(1,0),(1,1),(1,2),(2,0),(2,1),(2,2)}

Q × P

={0,1,2}×{a,b}

={(0,a),(a,b),(1,a),(1,b),(2,a),(2,b)}

এবংP × ∅= ∅

**খ) (P × Q) ∩( P × R)**

**সমাধানঃ** (P × Q) ∩( P × R)

= ({a,b}×{0,1,2}) ∩ ({a,b}×{0,1,a})

={(a,0),(a,1),(a,2),(b,0),(b,1),(b,2)}∩{(a,0),(a,1),(a,a),(b,0),(b,1),(b,a)}

= {(a,0),(a,1),(b,0),(b,1)}

**গ) P × (Q ∩ R)**

**সমাধানঃ**P × (Q ∩ R)

= {a,b} × ({0,1,2} ∩ {0,1,a})

= {a,b} × {0,1}

= {(a,0),(a,1),(b,0),(b,1)}

**ঘ) (P × Q) ∩ R**

**সমাধানঃ**(P × Q) ∩ R

=({a,b}×{0,1,2}) ∩ {0,1,a}

= {(a,0),(a,1),(a,2),(b,0),(b,1),(b,2)} ∩ {0,1,a}

= ∅

**ঙ) n(P × Q), n(Q × Q)**

**সমাধানঃ** P × Q

= {a,b}×{0,1,2}

={(a,0),(a,1),(a,2),(b,0),(b,1),(b,2)}

এখানে, P × Q এর উপাদান সংখ্যা 6 টি।

∴n(P × Q) = 6

আবার,Q × Q

={0,1,2}×{0,1,2}

={(0,0),(0,1),(0,2),(1,0),(1,1),(1,2),(2,0),(2,1),(2,2)}

এখানে, Q × Q এর উপাদান সংখ্যা 9 টি।

∴n(Q × Q) = 9

**(চ) (গ) এবং (ঘ) এর সমতার বিষয়ে তোমার যুক্তি উপস্থাপন করো।**

**সমাধানঃ** A ও B সেট যদি এমন হয় যে এদের উপাদানগুলো একই তবে A ও B একই সেট এবং তা A = B লিখে প্রকাশ করা হয়। যেমন A = {1, 2, 3, 4}, B = {1, 2, 2, 3, 4, 4, 4}। লক্ষ কর কোনো সেটে একই উপাদান বার বার থাকলেও সেটা একবার থাকার মতই বিবেচনা করা হচ্ছে। A = B হয় যদি ও কেবল যদি A⊆B এবং B⊆A হয়। সেট সমতা প্রমাণে এই তথ্য খুবই প্রয়োজনীয়।

অর্থ্যাৎ P×(Q∩R)=(P x Q)∩(P x R) হয়।

সংজ্ঞানুসারে, $P\times(Q\cap R)$

$=\{(x,y): x\in P, x\in Q$ এবং $y\in R\}$

$=\{(x,y): (x,y)\in P\times Q$ এবং $(x,y)\in P\times R\}$

$\therefore P\times(Q\cap R)\subseteq(P\times Q)\cap(P\times R)$

আবার, $(P\times Q)\cap(P\times R)$

$=\{(x,y):(x,y)\in P\times Q$ এবং $(x,y)\in P\times R\}$

$=\{(x,y): x\in P, y\in Q$ এবং $x\in P, y\in R\}$

$\therefore (P\times Q)\cap(P\times R)\subseteq P\times(Q\cap R)$

সুতরাং, $P\times(Q\cap R)=(P\times Q)\cap(P\times R)$।

**১০। $P = \{0, 1, 2, 3\}$, $Q = \{1, 3, 4\}$ এবং $R = P \cap Q$ হলে,**

**(i) $P \times R$ এবং $R \times Q$ নির্ণয় করো।**

**সমাধানঃ** দেওয়া আছে,

$P = \{0, 1, 2, 3\}$, $Q = \{1, 3, 4\}$ এবং $R = P \cap Q$

এখন, R

$= P \cap Q$

$= \{0, 1, 2, 3\} \cap Q \{1, 3, 4\}$

$= \{1,3\}$

$\therefore P \times R$

$= \{0, 1, 2, 3\} \times \{1,3\}$

$= \{(0,1),(0,3),(1,1),(1,3),(2,1),(2,3),(3,1),(3,3)\}$

এবং $R \times Q$

$= \{1,3\} \times \{1, 3, 4\}$

$= \{(1,1),(1,3),(1,4),(3,1),(3,3),(3,4)\}$

**(ii) $n(P \times R)$ এবং $n(R \times Q)$ এর মান বের করো।**

**সমাধানঃ** (i) নং হতে পাই,

$P \times R$ এর গুণফলে উপাদান সংখ্যা ৪টি

এবং $R \times Q$ এর গুণফলে উপাদান সংখ্যা 6টি

তাহলে, $n(P \times R) = 8$ এবং $n(R \times Q) = 6$

**১১। যদি $P \times Q = \{(0, a), (1, c), (2, b)\}$ হয়, তবে P এবং Q নির্ণয় করো।**

**সমাধানঃ** দেওয়া আছে, $P \times Q = \{(0, a), (1, c), (2, b)\}$

এখানে,

$P \times Q$ এর উপাদানগুলোর ১ম রাশিগুলো হলোঃ 0,1,2

এবং ২য় রাশিগুলো হলোঃ a,c,b

তাহলে, $P = \{0,1,2\}$ এবং $Q = \{a,c,b\}$

**বিঃদ্রঃ** এই হিসেবে $P=\{0,1,2\}$ এবং $Q =\{a,c,b\}$ হতে হলে

$P\times Q= \{(0,a),(0,c),(0,b),(1,a),(1,c),(1,b),(2,a),(2,c),(2,b)\}$ হবে।